Prof. (Dr.) Manik Saha

CHIEF MINISTER OF TRIPURA
AGARTALA - 799010

## হর ঘর তিরঙ্গা অভিযান

## রাজ্যবাসীর প্রতি আহ্বান

দেশভক্তির ভাবনাকে সুদৃঢ় করতে সারা দেশের সাথে রাজ্যেও হর ঘর তিরঙ্গা কর্মসূচি উদযাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। দেশের যশস্বী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিজীর মার্গদর্শনে এক নতুন চিন্তা চেতনায় দেশপ্রেম ও দেশের মুক্তির সংগ্রামে নিবেদিত বীর শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে এবছরও এই জাতীয় কর্মসূচি নেওয়া হয়েছে।

ত্রিবর্ণ রঞ্জিত জাতীয় পতাকা আমাদের গর্ব, আমাদের দেশাত্মবোধের পরিচায়ক ও রাষ্ট্রীয় চেতনার অনুভূতি। দেশের সার্বভৌমত্ব, গৌরব, রাষ্ট্রবাদী চেতনা, দেশপ্রেম আর মহান আত্মত্যাগের ঐতিহ্য হল এই পতাকা। আমাদের প্রত্যেক নাগরিকের কর্তব্য হল জাতীয় পতাকার মর্যাদা ও সম্মান রক্ষা করা।

হর ঘর তিরঙ্গা কর্মসূচি ৯ আগস্ট থেকে আগামী ১৭ আগস্ট পর্যন্ত বিভিন্ন কর্মসূচির মাধ্যমে দেশজুড়ে পালন করা হবে। রাজ্যেও সমাজের সর্বস্তরের জনগণের অংশগ্রহণকে সুনিশ্চিত করে সর্বত্র জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে হর ঘর তিরঙ্গা কর্মসূচি উদযাপন করা হবে।

এই হর ঘর তিরঙ্গা কর্মসূচি সফল করে তুলতে রাজ্যের প্রত্যেক নাগরিকের প্রতি আহ্বান জানাচ্ছি। আসুন, রাজ্যের প্রতিটি প্রতিষ্ঠানে, বাড়িতে জাতীয় পতাকা উত্তোলন করে দেশের সার্বভৌমত্ব, একতা, সংহতি এবং দেশপ্রেমের মহান আদর্শকে উর্ধ্বে তুলে ধরি।

M Saha

**প্রফেসর ডাঃ মানিক সাহা**